জিরো ওয়েইস্ট স্কুল

পিতামাতা ও তত্ত্বাবধানকারী নির্দেশিকা

ভূমিকা

এই শরতে ব্রুকলিন ও ম্যানহাটানের ১শয়েরও বেশি স্কুল 'জিরো ওয়েইস্ট স্কুলস ইনিশিয়েটিভ'-এ (শূন্যবর্জ্য স্কুল উদ্যোগ) অংশগ্রহণ করবে। ডিপার্টমেন্ট অভ এডুকেশন, ডিপার্টমেন্ট অভ স্যানিটেশন, এবং গ্রোএনওয়াইসি-এর রিসাইক্লিং চ্যাম্পিয়ন্স প্রোগ্রামের মধ্যে অংশীদারত্বের মাধ্যমে শূন্যবর্জ্য স্কুলগুলো রিসাইক্লিং ও অর্গ্যানিক সংগ্রহের আদর্শ নজির হিসেবে প্রতিষ্ঠিত হবে। এর লক্ষ্য ল্যান্ডফিল (বর্জ্যাধার) থেকে বর্জ্যকে অন্যত্র সরিয়ে নেওয়ার সু-অভ্যাসগুলোকে চিহ্নিত করা যা সিটিব্যাপী বিস্তৃত হতে পারে।

জিরো ওয়েইস্ট (শূন্যবর্জ্য) কী?

স্কুল থেকে যেসব বস্তু পরিত্যক্ত হয়, তার প্রায় পুরোটাই রিসাইকেল করা যায় বা জৈবসারে পরিণত করা যায়! স্কুলের বর্জ্যের মধ্যে আছে ক্লাসরুমের কাগজ ও কার্ডবোর্ড, সাথে সাথে আছে ক্যাফেটেরিয়ার এঁটো খাবার। অন্যান্য সাধারণ বস্তুগুলোর মধ্যে আছে অ্যালুমিনিয়াম ফয়েল ও ক্যান, দইয়ের পাত্র বা পানীয়ের বোতলের মতো শক্ত প্লাস্টিক, এবং দুধ ও জুসের কার্টন ইত্যাদি।

শূন্যবর্জ্যের অর্থ হলো স্কুলের বর্জ্যগুলো ল্যান্ডফিলে পাঠানর স্থলে রিসাইকেল (পুনরায় ব্যবহার) করা ও জৈবসার তৈরি করা। জিরো ওয়েইস্ট স্কুলস ইনিশিয়েটিভ সকল রিসাইকেল ও জৈবসার উপযোগী বর্জ্যকে ২০৩০ সালের মধ্যে নিউ ইয়র্ক সিটির স্কুলসমূহ থেকে অন্যত্র সরানর উচ্চাভিলাষকে সহায়তা করে।

শূন্যবর্জ্য কেন?

বর্জ্যকে ল্যান্ডফিল থেকে অন্যত্র সরিয়ে নেওয়াতে পরিবেশগত, অর্থনৈতিক ও সামাজিক ফায়দা রয়েছে।

- **পরিবেশগত:** রিসাইকেল করলে আমাদের নতুন কাঁচামাল সংগ্রহের প্রয়োজনীয়তা হ্রাস হবে। রিসাইকেলের কারণে আমাদের জ্বালানি সাশ্রয় হয় এবং বার্জ, ট্রেন ও ট্র্যাকে ল্যান্ডফিলে পরিবহনকৃত বর্জ্যের পরিমাণ হ্রাস পায়।
- **অর্থনৈতিক:** নিউ ইয়র্ক সিটি শহরের বর্জ্য ল্যান্ডফিলে নিক্ষেপের জন্য প্রতি বছর ৩শত মিলিয়ন ডলারেরও অধিক ব্যয় করে। রিসাইকেল করলে কর্মসংস্থান হয় - প্রতি ১০ হাজার টন বর্জ্য ল্যান্ডফিল থেকে অন্যত্র সরালে ১০ জনের কর্মসংস্থান হয়। এর সাথে তুলনা করুন, প্রতি ১০ হাজার টন বর্জ্য ল্যান্ডফিলে ফেললে মাত্র একজনের কর্মসংস্থান হয়।[1]
- **সামাজিক:** রিসাইক্লিং পরবর্তী প্রজন্মের জন্য একটি পরিচ্ছন্ন ও স্বাস্থ্যসম্মত পরিবেশ তৈরির জন্য ব্যক্তিকে পরিবেশের পরিচর্যাকারী হতে ক্ষমতায়িত করে।

স্কুলগুলো কীভাবে লাভবান হবে?

অংশগ্রহণকারী স্কুলগুলো গ্রোএনওয়াইসি-এর রিসাইক্লিং চ্যাম্পিয়ন্স প্রোগ্রামের পক্ষ থেকে ফ্রি প্রশিক্ষণ ও প্রচারণার সুযোগ লাভ করবে। শিক্ষার্থীদের সমাবেশ থেকে শিক্ষক ও স্টাফদের পেশাদারিত্ব উন্নয়নের জন্য সকল স্তরের স্বার্থসংশ্লিষ্ট পক্ষগুলোকে অধিক রিসাইকেল করতে ও বর্জ্য হ্রাস করতে ক্ষমতায়িত করা হবে।

এছাড়াও স্কুলগুলো বিনা খরচে অভিন্ন রিসাইকেল বিন ও প্রয়োজনীয় নির্দেশনা ফলক লাভ করবে। রিসাইক্লিংয়ের সুঅভ্যাস গড়ে তোলার জন্য ডিপার্টমেন্ট অব এডুকেশন ও স্যানিটেশনের অংশীদারগণ প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান করবে।

শূন্যবর্জ্যের শুরু বাড়ি থেকে।

রিসাইকেল করা ঠিক দাঁত ব্রাশ বা হাত ধোয়ার মতো একটা অভ্যাস। সফল হতে প্রয়োজন শুধু সময় ও অনুশীলন। বাড়িতে শূন্যবর্জ্যের অভ্যাস আপনার সন্তানকে সেসব সুঅভ্যাস আয়ত্ত করতে সহায়তা করবে যার দ্বারা স্কুল ও অন্য সবাই লাভবান হবে। নিম্নলিখিত কর্মকাণ্ড আপনার বাড়িতে শূন্যবর্জ্য সপ্তাহের আনুষ্ঠানিক শুরুতে ব্যবহার করতে পারেন। স্মরণ রাখবেন, আপনার নেওয়া প্রতিটি পদক্ষেপ আপনার সন্তানের ও শহরের ভবিষ্যতে জন্য এক বিশাল পরিবর্তন সাধন করবে।

---

[1] ইপিএ "ক্রিয়েটিং গ্রিন জব থ্রু রিসাইক্লিং" http://www3.epa.gov/region9/newsletter/feb2011/greenjobs.html

নিজেকে প্রস্তুত করে নিন। রিসাইক্লিংয়ে সুঅভ্যাস আয়ত্ত করতে হলে আপনাকে একজন বিষেষজ্ঞে পরিণত হতে হবে না, তবে রিসাইক্লিংয়ের নিয়ম জানা থাকলে তা সহায়ক হবে।

রিসাইক্লিংয়ের বিস্তারিত জানতে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ স্যানিটেশনের ওয়েবসাইট **দেখুন**। www.nyc.gov/dsny

শুরু করুন। পুরো পরিবারের সবার অভ্যাস রপ্ত করার জন্য একটি সহজ উপায় হলো বাড়িতে রিসাইক্লিং বিন (পাত্র) স্থাপন করা।

রিসাইক্লিং বিন **চিহ্নিত করতে** হবে। সেগুলোকে খুব সুন্দর হতে হবে, এমন নয়, তবে সেগুলোতে স্পষ্ট লেবেল সেঁটে দিতে এবং এবং একটি নির্দিষ্ট স্থানে রাখতে হবে। আপনার বিনগুলোর জন্য ফ্রি লেবেল পেতে হলে ডিপার্টমেন্ট অভ স্যানিটেশনে অর্ডার দিন। www.nyc.gov/dsny

একটি শূন্যবর্জ্য লাঞ্চ প্যাক করুন। একজন সাধারণ আমেরিকান দৈনিক ৪.৪ পাউন্ড বর্জ্য তৈরি করেন। রিসাইকেল ও জৈবসার করা যায় কিংবা পুনরায় ব্যবহার করা যায়,শুধু এমন উপকরণ প্যাক করে আপনার বোঝাটি লাঘব করুন। বর্জ্যমুক্ত লাঞ্চ প্যাক সম্পর্কে বিস্তারিত জানতে www.epa.gov/students/pack-waste-free-lunch ওয়েবসাইট দেখুন।

সন্তানের লাঞ্চ প্যাক করার সময় ফেলে দিতে হয় এমন ব্যাগ এবং প্লাস্টিকের মোড়কের স্থলে টেকসই লাঞ্চ ব্যাগ এবং পূনর্ব্যবহারোপযোগী স্ন্যাক ব্যাগ ব্যবহার করুন। এতে অর্থ সাশ্রয় হবে এবং কম বর্জ্য তৈরি হবে!

একটির প্যাকেটের স্থলে অনেকগুলোর প্যাকেট বেছে **নিন**। আলাদা মোড়কে জিনিসগুলো ব্যবহারে হয়তো সুবিধাজনক, কিন্তু সেগুলো অনেক বর্জ্য তৈরি করে। সংখ্যায় বেশি থাকে যে প্যাকেটে, সেগুলো সস্তা ও টেকসই পাত্রে প্যাক করা হয়।

বর্জন করুন। আপনার এঁটো খাবার থেকে মূল্যবান জৈবসার তৈরি করা একটি ভালো উপায়। আপনার উঠোনে বা রাস্তার ধারে জৈবসার সংগ্রহের স্থান আছে কি? চিন্তা করবেন না।

আপনার এঁটো খাবার নির্দিষ্ট পরিত্যক্ত খাবার নিক্ষেপের স্থানগুলোর একটিতে নিয়ে যান। (পরামর্শ: বর্জ্য খাবার দুর্গন্ধমুক্ত রাখার জন্য ফ্রিজে জমা রাখুন)। নির্দিষ্ট পরিত্যক্ত খাবার নিক্ষেপের স্থানের খোঁজ পেতে www.nyc.gov/organics ওয়েবসাইট দেখুন।

অন্যান্য আরগুলোকে (R) ভুলবেন না। বর্জ্য সম্পর্কে আবার ভাবুন। সম্ভব হলে মেরামত (Repair) করুন এবং পুনর্ব্যবহার (reuse) করুন। যেটার প্রয়োজন নেই, সেটা দান করে দিন।

থ্রিফট স্টোর, ফ্লি মার্কেট বা কম্যুনিটি সোয়াপ-এর মতো নিউ ইয়র্ক সিটির পুনর্ব্যবহারকারী (reuse) প্রতিষ্ঠানগুলোর একটি পরিদর্শন করুন। গ্রোএনওয়াইসি পাঁচটি বরোতে ফ্রি সোয়াপ (অদল-বদল) অনুষ্ঠান আয়োজন করে। আপনার নিকটস্থ স্থানের খোঁজ পেতে www.grownyc.org/swap ওয়েবসাইট দেখুন।

দান, বিক্রি, কেনা, ভাড়া, এবং মেরামতির জন্য এনওয়াইসি স্টাফ এক্সচেঞ্জ-এ উপযুক্ত স্থান খুঁজে নিন। আপনার কাছেই আছে যে স্থানগুলো, সেগুলোর খোঁজ জানতে www.nyc.gov/stuffexchange ওয়েবসাইট দেখুন।